



প্রেস বিজ্ঞপ্তি

বরিশাল বিশ্ববিদ্যালয়ে

শেখ রাসেলের জন্মদিন পালিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৮ অক্টোবর ২০২৩খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে পালিত হয়েছে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর কনিষ্ঠ সন্তান শেখ রাসেলের ৬০ তম জন্মদিন। এদিন বিশ্ববিদ্যালয়ের ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তর স্মারক বৃক্ষরোপন ও আলোচনা সভার আয়োজন করে। ১৮ অক্টোবর দুপুর ১২ টায় স্মারক বৃক্ষরোপনের মাধ্যমে কর্মসূচির উদ্বোধন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। দিবসটি উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে দুপুর ১২:১৫ টায় অনুষ্ঠিত হয় এক আলোচনা সভা। সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য মহোদয় বলেন, শেখ রাসেল দীপ্তিময় নির্ভীক নির্মল দুর্জয়। এই বার্তাটি আগামীর প্রজন্মের কাছে আমাদের পৌঁছে দিতে হবে। শেখ রাসেল দিবস উদযাপনের প্রাসঙ্গিকতাই হচ্ছে তরুণ প্রজন্মের কাছে শেখ রাসেলের আত্মত্যাগকে তুলে ধরা। কতটা নৃশংস, অমানবিক এবং চূড়ান্ত পর্যায়ে মানবাধিকার হরণ হলে এগারো বছরের একটি ছোট্ট শিশুকেও নির্মম হত্যাকাণ্ডের শিকার হতে হয়। একজন বাঙালী হিসেবে বঙ্গবন্ধু, মহান মুক্তিযুদ্ধ, স্বাধীনতা ও তৎপরবর্তী সঠিক ইতিহাস তরুণ প্রজন্মকে জানানোর দায়িত্ব আমাদের। আর তাহলেই শেখ রাসেল দিবস উদযাপন স্বার্থক হবে। এসময় সময় উপাচার্য মহোদয় বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিশু দিবসে কেন্দ্রকে 'শেখ রাসেল শিশু দিবস কেন্দ্র' হিসেবে নামকরণের ঘোষণা দেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। বিশেষ অতিথি হিসেবে আরও বক্তব্য রাখেন শিক্ষক সমিতির সভাপতি আরিফ হোসেন। বিশ্ববিদ্যালয়ের ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তরের পরিচালক সুজন চন্দ্র পালের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন দিলআফরোজ খানম, ইংরেজি বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ তানভীর কায়ছার, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব হলের প্রভোস্ট তাসনুভা হাবিব জিসান, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি বাহাউদ্দিন গোলাপ, গ্রেড ১১-১৬ কল্যান পরিষদের সভাপতি শাহজাদা খান ও গ্রেড ১৭-২০ কল্যান পরিষদের সভাপতি আরিফ সিকদার। সভায় শেখ রাসেলের উপর ২টি প্রামাণ্যচিত্র প্রদর্শিত হয়। ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তরের সেকশন অফিসার সাইফা আলমের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

১০/১০/২৩

উপ-পরিচালক (চ. দা.)

জনসংযোগ অফিস